

**বিরাট গনমিছিল ও বিক্ষোভ প্রতিবাদ সমাবেশ । ২৯ শে নভেম্বর, শনিবার ৩.০০ ঘটিকা ।**

**স্থান : PIAZZA DELLA LOGGIA, BRESCIA.**

ব্রেসসা কুয়েস্তুরা, প্রেফেতুরার বর্তমান পরিস্থিতি ইতালির সকল কুয়েস্তুরা ও প্রেফেতুরার চাইতে সার্ভিস সবচেয়ে নাজুক ও খারাপ ! কুখ্যাত বসসি – ফিনি আইনের প্রয়োগের কারণে আজ যেসব অভিবাসী অর্থনৈতিক মন্দার কারণে চাকুরী হারাচ্ছেন তারা সাথে সাথে ইতালিতে থাকার বৈধতাও হারাচ্ছেন !

তাই হাজার হাজার চাকুরীহীন অভিবাসী আজ সজরনো বা ইতালীতে থাকার বৈধতা হারানোর সম্মুখীন হতে চলেছেন কারণ দীর্ঘদিন বেকার অথবা কর্মহীন অভিবাসীকে পেরমেসসো দি সজরনো নবায়ন না করে কুয়েস্তুরা দেশ ত্যাগের নোটিশ দিচ্ছে !

ব্রেসসা প্রেফেতুরা ২০১২ সনের সানাতরিয়া বা অবৈধ অভিবাসীদের বৈধকরণ প্রক্রিয়া আইনে ৫০০০ হাজার আবেদনকারীর মধ্যে ৪০০০ ই বাতিল ঘোষণা করেছে, কিন্তু ইতালিয়ান সরকার ঠিকই হাজার হাজার টাকা অভিবাসীদের থেকে কর বা ট্যাক্স হিসেবে নিয়েছে এবং নিচ্ছে ! সম্প্রতি ব্রেসসা প্রভিন্সে বসবাসরত প্রায় ২০০০ অভিবাসী পরিবারকে ভাড়া পরিশোধ করতে না পারার জন্য গৃহচ্যুত সকল অভিবাসী পরিবার দেয় তাদের নিজ নিজ দেশে ফিরে যাওয়ার অন্যান্য ও অমানবিক প্রস্তাব দিয়েছে ব্রেসসা প্রভিন্স এর কমুনে সমূহ, যদিও তারা অনেক বছর যাবত পরিবারসহ ইতালিতে বসবাস করছে এবং তাদের ছেলেমেয়ের জন্ম এদেশে কিংবা তারা এদেশে বড় হয়েছে !

কমুনে দি ব্রেসসা তে রেসিডেন্স করতে হলে অন লাইনে আপুত্তামেন্ট নিয়ে দীর্ঘদিন অপেক্ষা করতে হয়, আল্লোজ্জো নিতে হলেও হয়রানি, সময় আর অর্থের অপচয় ত আছেই !

তাই আসুন সবাই মিলে ২৯ শে নভেম্বরের প্রতিবাদ সমাবেশ ও গনমিছিলে অংশগ্রহণ করে বর্ণবাদ সহ সকল বৈষম্যের প্রতিবাদে ও কালো আইন বসসি-ফিনি বিলুপ্তির দাবিতে সোচ্চার হই !